Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 15 April, 2025

ফরিদপুরের আলফাডাঙ্গায় মোটরসাইকেল কিনে না দেওয়ায় অভিমান করে নাহিদ বিশ্বাস (১৭) নামের কলেজছাত্র আত্মহত্যা করেছে।

সোমবার (পহেলা বৈশাখ) বেলা পৌনে ১১টার দিকে উপজেলার বানা ইউনিয়নের বেলবানা গ্রামের বাড়িতে এ ঘটনা ঘটে।

নাহিদ ব্যাটালিয়ান আনসারে চাকুরিরত মোস্তাক আহমেদের একমাত্র কলেজ পড়ুয়া ছেলে ও ফরিদপুর মুসলিম মিশন কলেজের এইচএসসি প্রথম বর্ষের ছাত্র।নাহিদ বাড়ির শয়নকক্ষে সিলিং ফ্যানের সঙ্গে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছে বলে প্রাথমিক ভাবে হাসপাতাল ও থানা সূত্রে জানা যায়।

স্থানীয় সূত্রে জানা গেছে, নাহিদ তার নিজ ঘরের শয়েনকক্ষে সকাল সাড়ে ১০টার দিকে দরজা বন্ধ করে দিলে তার মা লাকী বেগমের সন্দেহ হয়।এরপর ছেলের নাম ধরে ডাকাডাকি করে কোনো সাড়া শব্দ না পেয়ে দরজায় ধাক্কাধাক্কি  করে ও ডাকচিৎকার করলে আশপাশের লোকজন এসে দরজা ভেঙ্গে নাহিদকে সিলিং ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় দেখতে পায়। নাহিদের মাসহ আশপাশের লোকজন তাকে সিলিং ফ্যান থেকে নামিয়ে আলফাডাঙ্গা উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

পরে খবর পেয়ে আলফাডাঙ্গা থানা পুলিশ উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সের জরুরি বিভাগে উপস্থিত হয়ে মৃতের সুরতহাল রিপোর্ট প্রস্তুত করেন।এ বিষয়ে আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

এ বিষয়ের নিহত নাহিদের বাবা আলফাডাঙ্গা থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করেছেন।

এ বিষয়ে আলফাডাঙ্গা থানার ওসি হারুন অর রশিদ বলেন, সংবাদ পেয়ে মরদেহের সুরতহাল রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।এ বিষয়ে নিহতের বাবা বাদী হয়ে একটি অপমৃত্যু মামলা দায়ের করেছেন।

ফরিদপুর কলেজছাত্র আত্মহত্যা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:25

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/775807805